

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
যশোর সদর, যশোর।
www.sadar.jessore.gov.bd.

জুলাই/২০২২ মাসের যশোর সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : অনূপ দাশ, উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর

সভার তারিখ : ২৪/০৭/২০২২ খ্রিস্টাব্দ.

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, যশোর সদর, যশোর।

উপস্থিত সদস্যদের নাম/স্বাক্ষর : (রেজিস্টারে সংরক্ষিত স্বাক্ষরের ক্রমানুসারে)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকল সদস্যবৃন্দকে সভা পরিচালনায় সহযোগিতা কামনা করেন এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ উপস্থিত সকল সদস্যকে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর ধারাবাহিকভাবে বক্তব্য পেশ করার জন্য অনুরোধ জানান।


সভায় নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। মাদক	চেয়ারম্যান, উপশহর ইউপি চেয়ারম্যানসহ উপস্থিত সদস্যবৃন্দ মাদক সেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। উপজেলার যে সকল স্পটে মাদক দ্রব্য বেচাকেনা হয়, সে সকল স্পটে পুলিশের নজরদারী বৃদ্ধির জন্য অনুরোধ করা হয়। এ ছাড়া প্রতিটি সভা/সেমিনারে মাদকের বিরুদ্ধে বক্তব্য প্রদানপূর্বক জনগণকে সচেতন করার জন্য জনপ্রতিনিদের অনুরোধ করা হয়।	মাদকের বিরুদ্ধে একযোগে কাজ করতে হবে, এ ছাড়া প্রতিটি সভা/সেমিনারে মাদকের বিরুদ্ধে বক্তব্য প্রদান করে জনগণকে সচেতন করতে হবে।	পুলিশ বিভাগ ও সকল ইউপি চেয়ারম্যান।
২। জঙ্গিবাদঃ	চেয়ারম্যান, হৈবতপুর ইউপিসহ উপস্থিত অনেক সদস্য এ দেশে কোন অবস্থাতেই যাতে জঙ্গিবাদ আর মাথাচড়া দিতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ করেন। এলাকায় কোন সন্দেহভাজন অপরিচিত লোকের আগমন হলে তা পুলিশ বিভাগকে জানানোর জন্য অনুরোধ করা হয়।	জঙ্গিবাদের বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	পুলিশ বিভাগ ও সকল ইউপি চেয়ারম্যান

A

<p>৩। গ্রাম আদালত</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার জানান যে গ্রাম এলাকার যে সকল মানুষের ছোট-খাটো বিষয় নিয়ে জেলা আদালতে যাওয়ার সামর্থ্য থাকে না সে সকল বিচার প্রার্থীদের ন্যয় বিচারের জন্য গ্রাম আদালত প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিটা ইউনিয়নের গ্রাম আদালতের মাধ্যমে এলাকার মানুষ সুবিচার পায় তার জন্য সকল ইউপি চেয়ারম্যানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>সপ্তাহের একটা নির্ধারিত দিন ধার্য করে বিচার কার্য পরিচালনা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।</p>	<p>সকল ইউপি চেয়ারম্যান</p>
<p>৪। বাল্য বিবাহ</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার জানান যে সরকারি আইন থাকা সত্ত্বেও আমাদের এ সমাজ থেকে এখনো বাল্য বিয়ে নির্মূল করা যায়নি, বিভিন্ন এলাকা থেকে প্রায়ই বাল্য বিয়ের খবর শোনা যায়। যা অত্যন্ত দুঃখজনক। এ বিষয়ে এলাকার ইউপি চেয়ারম্যান ও সদস্যদের অগ্রণী ভূমিকা রাখতে হবে কোন অবস্থায় যেন বাল্য বিয়ে সংঘটিত হতে না পারে। এলাকায় যে সকল কাজী বাল্য বিয়ে পড়ান তাদের তালিকা করে উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। এ ছাড়া মসজিদের ইমাম সাহেবদের সহায়তা নিয়ে বাল্য বিয়ের বিরুদ্ধে জনগণকে সচেতন করতে হবে। এ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>বাল্য বিয়ে রোধে একযোগে সকলকে কাজ করতে হবে এবং কঠোর হস্তে দমন করতে হবে।</p>	<p>পুলিশ বিভাগ, মহিলা বিষয়ক দপ্তর, ইসলামিক ফাউন্ডেশন ও সকল ইউপি চেয়ারম্যান</p>
<p>০৫। ইভটিজিং</p>	<p>উপজেলা শিক্ষা অফিসারসহ আরো অনেক সদস্য জানান যে, যশোর শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ করে সরকারি এমএম কলেজ ও মহিলা কলেজ এলাকায় বখাটে ছেলেরা স্কুল ও কলেজগামী মেয়েদের উত্যক্ত করাসহ আরো নানা রকম অসামাজিক কাজে লিপ্ত থাকে। তারা মটর সাইকেলযোগে ঘুরে বেড়ায় ও মেয়েদের স্বাভাবিকভাবে চলাচলে বাধা সৃষ্টি করে। এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।</p>	<p>পুলিশ বিভাগকে স্কুল কলেজ চলাকালীন টহল তৎপরতা বৃদ্ধিসহ দুই একটা বখাটেদের ধরে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>পুলিশ বিভাগ</p>

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভায় সমাপ্তি ঘোষণা করা হয়।


২৪.০৭.২০২২
অনুপ দাশ

উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর
unojessore@mopa.gov.bd.
০২৪৭৭৭৬২৪৩২

স্মারক নং- ০৫.৪৪.৪১৪৭.১৩.১৬.০০৩.০০.২০২-৮১২ (৫০)

তারিখ : ২৪/০৭/২০২২ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

জেলা প্রশাসক, যশোর।

পুলিশ সুপার, যশোর।

৩। উপজেলা ----- অফিসার (সকল)

৪। চেয়ারম্যান, ----- ইউপি (সকল) যশোর সদর, যশোর।